অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/29/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো করোনাভাইরাস সংক্রান্ত নিয়ম গুরুতরভাবে লঙ্ঘনের অভিযোগে নিউ ইয়র্ক সিটির 12টি অতিরিক্ত বারের লিকার লাইসেন্স স্থগিত ঘোষণা করেছেন

গণস্বাস্থ্য জরুরি অবস্থার সময় 57টি ব্যবসার লিকার লাইসেন্স স্থগিত করা হয়েছে

মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্স মঙ্গলবার রাতে 487টি কমপ্লায়েন্স চেক পরিচালনা করে, 29টি অতিরিক্ত লঙ্ঘন পর্যবেক্ষণ করে

এই পর্যন্ত 534টি চার্জ দাখিল এবং প্রক্রিয়াজাত করা হয়েছে, সাসপেনশন এবং চার্জের হালনাগাদকৃত তালিকা এখানে পাওয়া যাবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে বিশ্বব্যাপী মহামারী সম্পর্কিত নির্বাহী আদেশ গুরুতরভাবে লঙ্ঘনের অভিযোগে স্টেট নিউ ইয়র্ক সিটির 12টি বারের লিকার লাইসেন্স স্থগিত করেছে। সপ্তাহান্ত জুড়ে, স্টেট পুলিশ এবং স্টেট লিকার অথরিটির (State Liquor Authority, SLA) নেতৃত্বে স্টেটের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্স 1,131টিরও বেশি কমপ্লায়েন্স চেক পরিচালনা করে 55টি প্রতিষ্ঠানে লঙ্ঘন নথিভুক্ত করে। COVID-19 বিধি লঙ্ঘন করা ব্যবসাগুলিকে প্রতি লঙ্ঘনের জন্য 10,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা দিতে হতে পারে, অন্যদিকে অত্যন্ত গুরুতর লঙ্ঘনের ফলে অবিলম্বে একটি বার বা রেস্টুরেন্টের লিকার লাইসেন্স স্থগিত করা হতে পারে।

"যখন নিউ ইয়র্ক স্টেটের COVID-19 সংখ্যা ক্রমাগত হ্রাস পাচ্ছে, এবং সারা দেশের বিভিন্ন স্টেটে উদ্বেগজনক ভাবে বৃদ্ধি পাচ্ছে এবং এখন আমাদের সচেতনতা কমানোর সময় নয়," **গভর্নর কুওমো বলেছেন।** "স্থানীয় সরকারগুলোকে তাদের কাজ করতে হবে, কিন্তু স্টেট তাদের প্রচেষ্টার পরিপূরক হতে যথাসাধ্য চেষ্টা করছে। নিয়ম লঙ্ঘন মাত্র কয়েক মাস আগে আমরা যেখানে ছিলাম সেখানে আমাদের ফিরিয়ে নিয়ে যাবে- তাই আমাদের অবশ্যই খারাপ চরিত্রদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে যারা আইন লঙ্ঘন করে এবং সবার স্বাস্থ্য এবং নিরাপত্তার ঝুঁকিতে ফেলে।"

স্টেট লিকার অথরিটির চেয়ারম্যান ভিনসেন্ট ব্র্যাডলি বলেন: "গভর্নর নিউ ইয়র্ক স্টেট পুনরায় খোলার জন্য স্মার্ট, ডাটা চালিত নিয়ম প্রয়োগ করেছেন, এবং সেগুলো আক্রমনাত্মকভাবে প্রয়োগ করা হবে। নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য এবং নিরাপত্তা সবার অগ্রাধিকার হওয়া উচিত, এবং যারা এই মহামারীকে গুরুত্বের সাথে নিচ্ছে না তাদের আমরা ঝেড়ে ফেলতে অব্যাহত রাখবো।"

গত রাতে, স্টেটের তদন্তকারীরা 29 টি প্রতিষ্ঠানে লঙ্ঘন পর্যবেক্ষণ করেছে এবং আনুষ্ঠানিক অভিযোগ প্রস্তুত করা হচ্ছে। গত রাত থেকে পর্যবেক্ষিত লঙ্ঘনের ভৌগলিক তথ্যের মধ্যে রয়েছে:

- ব্রঙ্কস -- 2
- ব্রুকলিন -- 7
- ম্যানহাটন -- 11
- কুইন্স -- 5
- স্ট্যাটেন আইল্যান্ড -- 3
- সাফোক কাউন্টি - 1

28 এবং 29 জুলাই তারিখে অনুষ্ঠিত সভায় স্টেট লিকার অথরিটি বোর্ড যে 12টি প্রতিষ্ঠানকে তাৎক্ষণিক স্থগিতাদেশের জরুরি আদেশ জারি করে সেগুলি হল:

29 জুলাই, 2020 তারিখে ম্যানহাটনের 694-696 ম্যাডিসন অ্যাভিনিউতে অবস্থিত "নেলো"
28 জুলাই তারিখে স্টেটের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা গভর্নরের নির্বাহী আদেশ 202.3 লঙ্ঘন করে রেস্টুরেন্টের ভেতরে একাধিক টেবিলে অন্তত আটজন পৃষ্ঠপোষককে খাবার ও পানীয় পরিবেশন করতে দেখেছেন যা গত 16 মার্চ, 2020 থেকে নিউ ইয়র্ক সিটির ভিতরে সেবা সীমিত করেছে।

29 জুলাই, 2020 তারিখে ব্রুকলিনের 270 স্মিথ স্ট্রিটে অবস্থিত "ইউনিয়ন গ্রাউন্ড"
24 জুলাই তারিখে স্টেটের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা দেখেন যে জনতা সরাসরি খাবার ছাড়াই স্থাপনার বাইরে মদ্যপান করছে, যার মধ্যে 12 জন পৃষ্ঠপোষক দাঁড়িয়ে আছে এবং খাবার ছাড়া পান করছে। উপরন্তু, মালিক, একজন বারটেন্ডার এবং ওয়েটস্টাফের একজন সদস্যকে মুখাবরণ ছাড়াই পর্যবেক্ষণ করা হয়।

29 জুলাই, 2020 তারিখে জ্যামাইকার 170-12 জামাইকা অ্যাভিনিউতে অবস্থিত "ল্যাডিজ স্পোর্টস বার"
27 জুলাই স্টেটের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা আটজন পৃষ্ঠপোষককে ভবনের ভেতরে অ্যালকোহল পান করতে এবং একজন কর্মীকে মুখাবরণ পরা ছাড়া দেখেছেন, উভয়ই গভর্নরের নির্বাহী আদেশের স্পষ্ট লঙ্ঘন।

29 জুলাই, 2020 তারিখে ব্রঙ্কসের 4001 ইস্ট ট্রেমন্ট অ্যাভিনিউতে অবস্থিত "পার্ক"
25 জুলাই তারিখে স্টেটের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা চল্লিশ থেকে পঞ্চাশ জন পৃষ্ঠপোষককে স্থাপনার ঠিক সামনের ফুটপাথ এবং রাস্তায় নাইটক্লাবের মত একটি পরিবেশে মদ্যপান এবং হুক্কাহ ধূমপান করতে দেখেছেন, যার মধ্যে প্রায় বারো জন পৃষ্ঠপোষকের মুখাবরণ ছিল না।

29 জুলাই, 2020 তারিখে ম্যানহাটনের 1624 আমস্টারডাম অ্যাভিনিউতে অবস্থিত "গ্রিল অন দ্য হিল"
27 জুলাই তারিখে স্টেটের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা ভবনের বাইরে দুটি পৃথক টেবিলে পৃষ্ঠপোষকদের খাদ্য ছাড়া মদ পান করতে দেখেন, এর পাশাপাশি দুই জন পৃষ্ঠপোষক ভবনের ভিতরে বারে দাঁড়িয়েছিলেন।

29 জুলাই, 2020 তারিখে ব্রুকলিনের 149 স্মিথ স্ট্রিটে অবস্থিত "রেগুলার ভিজিটরস"
24 জুলাই তারিখে স্টেটের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা প্রায় 20 জন পৃষ্ঠপোষককে সরাসরি আঙিনার বাইরে খাবার ছাড়াই মদ পান করতে দেখেন।

28 জুলাই 2020 তারিখে জ্যাকসন হাইটসের 79-05 রুজেভেল্ট অ্যাভিনিউতে অবস্থিত "ঈল অলত্রো রোলো"
25 জুলাই তারিখে স্টেটের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা বারের ভেতরে 20 জন পৃষ্ঠপোষককে মদ্যপান করতে দেখেন, দুইজন কর্মচারী মুখাবরণ ছাড়াই পৃষ্ঠপোষকদের পরিবেশন করছিলেন এবং আটজন পৃষ্ঠপোষক রেস্টুরেন্টে কোন খাবার ছাড়াই দাঁড়িয়ে মদ্যপান করছেন।

28 জুলাই 2020 তারিখে ম্যানহাটনের 733 9ম অ্যাভেনিউতে অবস্থিত "গসিপ"
27 জুলাই তারিখে স্টেটের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা 12 জন পৃষ্ঠপোষককে নিউ ইয়র্ক সিটির রাত 11 টার কারফিউয়ের বেশ পরে পৃষ্ঠপোষকদের আউটসাইড সার্ভিসের জন্য প্রতিষ্ঠানের সামনের ফুটপাথে জড়ো হতে, রয়ে যেতে এবং মদ্যপান করতে দেখেন, এবং প্রতিষ্ঠানের মালিক এবং একাধিক পৃষ্ঠপোষক মুখাবরণ ছাড়া ছিল। গসিপ একটি পুনরাবৃত্তি করা অপরাধী, তাদের বিরুদ্ধে জুলাই মাসের শুরুতে গভর্নরের নির্বাহী আদেশ লঙ্ঘনের জন্য আগের দুটি অভিযোগ রয়েছে।

28 জুলাই, 2020 তারিখে জ্যামাইকার 93-10 উডহ্যাভেন বুলাভার্ডে অবস্থিত "আটলান্টিস"
আটলান্টিস গভর্নরের নির্বাহী আদেশের ক্রমাগত লঙ্ঘনকারী, যেখানে SLA-এর তদন্তকারীরা 1 লা জুলাই থেকে 16 জুলাই এর মধ্যে পাঁচটি পৃথক ঘটনায় পৃষ্ঠপোষকদের সামাজিক দূরত্বের নির্দেশিকা উপেক্ষা করে এবং ভবনের সামনে দাঁড়িয়ে মদ্যপান করতে দেখে।

28 জুলাই 2020 তারিখে জ্যাকসন হাইটসের 79-03 রুজেভেল্ট অ্যাভিনিউতে অবস্থিত "এল আবুয়েলো গোজোন"
25 জুলাই তারিখে স্টেটের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা নিউ ইয়র্ক সিটির আউটডোর সেবার জন্য রাত 11 টার কারফিউ অতিক্রম করে ভবনের সামনের ফুটপাথে বিশ জন পৃষ্ঠপোষককে দাঁড়িয়ে এবং বসে মদ্যপান করতে দেখেন। সেখানে একাধিক কর্মচারী মুখাবরণ পরা ছিলেন না, যার মধ্যে ম্যানেজার এবং প্রবেশদ্বারে দুজন কর্মচারীও ছিলেন। পরিদর্শনের সময় দুইজন পৃষ্ঠপোষক বারের ভেতরে বসে খাবার ছাড়া মদ পান করছিলেন।

28 জুলাই, 2020 তারিখে করোনার 38-12 104তম স্ট্রিটে "এল পালো বার"

18 জুলাই তারিখে স্টেটের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা নিউ ইয়র্ক সিটির আউটডোর সেবার জন্য রাত 11 টার কারফিউ অতিক্রম করে রেস্টুরেন্টের বাইরে ত্রিশ জন পৃষ্ঠপোষককে মদ্যপান করতে দেখেন। রেস্টুরেন্টটি গভর্নরের নির্বাহী আদেশ লঙ্ঘনের পুনরাবৃত্তি করা অপরাধী, যার বিরুদ্ধে 21 জুন থেকে 1 জুলাই এর মধ্যে চারটি পৃথক ঘটনায় লঙ্ঘনের অভিযোগ মুলতবি আছে।

28 জুলাই, 2020 তারিখে রিচমন্ড হিলের 105-13 জ্যামাইকা অ্যাভিনিউতে অবস্থিত "র‍্যাঙ্গো "
27 জুলাই স্টেটের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা গভর্নরের নির্বাহী আদেশের সরাসরি লঙ্ঘন করে বারের ভেতরে মোট আটজন পৃষ্ঠপোষককে মদ্যপান করতে পর্যবেক্ষণ করে, যেখানে দুইজন পৃষ্ঠপোষক মুখাবরণ ছাড়া ছিল এবং একজন বারটেন্ডার মুখাবরণ ছাড়াই পরিবেশন করে। 28 জুলাই পূর্ণ বোর্ডের একটি বিশেষ সভায় এবং 29 জুলাই পূর্ণ বোর্ডের একটি নিয়মিত সভায় চেয়ারম্যান ব্র্যাডলি, কমিশনার লিলি ফ্যান এবং কমিশনার গ্রিলি ফোর্ড জরুরি স্থগিতাদেশের আদেশ দেন যা বিশেষ সামাজিক দুরত্ব বিধিমালার অধীনে ডিজিটালভাবে রেকর্ডকৃত ভিডিওর মাধ্যমে সংঘটিত হয়।

স্টেটের তদন্তকারীরা লঙ্ঘন পর্যবেক্ষণ করার পর, আনুষ্ঠানিক অভিযোগ দায়ের করা হয় এবং জরিমানা জারি করা হতে পারে। গুরুতর লঙ্ঘনের ক্ষেত্রে যখন SLA একটি লাইসেন্সপ্রাপ্ত ব্যবসার অব্যাহত অপারেশন জনস্বাস্থ্য এবং নিরাপত্তার জন্য ঝুঁকিপূর্ণ বলে নির্ধারণ করে তখন জরুরি তাৎক্ষণিক স্থগিতাদেশ জারি করা হয়। স্থগিতাদেশ অবিলম্বে প্রদান করা হয় এবং অনির্দিষ্টকালের জন্য কার্যকর থাকে, যার মধ্যে সর্বোচ্চ জরিমানার অন্তর্ভুক্ত স্থায়ী লাইসেন্স বাতিলকরণ এবং 10,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা। জরুরী স্থগিতাদেশ প্রাপ্ত লাইসেন্সধারীরা SLA প্রশাসনিক আইনের বিচারকের সামনে দ্রুত শুনানির অধিকার রাখেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন